

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নম্বর- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২১.১৮. ২০৬৪

তারিখ- ১৯ সেপ্টেম্বর ২০২২

বিষয় : বিকনা মহিলা সমিতিতে (১০৪২৪০-০৬) ঋণ বিতরণ।

সূত্র : ১. স্মারক নম্বর- ৪৭.৬২.৪২.৪০.০০০.০০.০০১.১৫.৩৭৫, তারিখ- ২৮/০৮/২০২২ খ্রিষ্টাব্দ;

২. স্মারক নম্বর- ৪৭.৬২.৪২০০.৮৩৭.১৮.১১৫.২০.৫০২, তারিখ- ১২/০৯/২০২২ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় এর আওতায় ঝালকাঠি জেলার সদর উপজেলাধীন বিকনা মহিলা সমিতির (১০৪২৪০-০৬) বিগত বছরের ঋণ আদায় কার্যক্রম সম্বোধনক বিবেচিত না হওয়ায় উক্ত সমিতির ঋণ বিতরণ কার্যক্রম সাময়িকভাবে বন্ধ রাখা করা হয়। পরবর্তীতে সমিতির সদস্যরা বিশেষ সভায় রেজুলেশনের মাধ্যমে নিয়মিত কিস্তিতে ঋণ পরিশোধের নিমিত্ত অজিকারনামা প্রদান করায় সূত্রস্থ ১নং স্মারকমূলে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সদর, ঝালকাঠি ও ২নং স্মারকমূলে উপপরিচালক, বিআরডিবি, ঝালকাঠি বর্ণিত সমিতিতে পুনরায় ঋণ বিতরণের সুপারিশ করেন।

এমতাবস্থায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও উপপরিচালক এর সুপারিশ এবং সমিতির সদস্যদের অজিকারনামার প্রেক্ষিতে বিকনা মহিলা সমিতিতে (১০৪২৪০-০৬) পুনরায় ঋণ বিতরণ করার নির্দেশ দেওয়া হল। উল্লেখ্য, ভবিষ্যতে উক্ত সমিতিতে ঋণ বিতরণ ও আদায়ে কোন ধরনের অনিয়ম উদঘাটিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

মোঃ সাঈদুর রহমান  
উপ প্রকল্প পরিচালক  
ফোন: ০২-৮১৮৯০২৯

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
সদর, ঝালকাঠি

স্মারক নম্বর- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২১.১৮. ২০৬৪

তারিখ- ১৯ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ:

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, ঝালকাঠি।
৩. উপ প্রকল্প পরিচালক/সহকারী পরিচালক ও মনিটরিং কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, সদর, ঝালকাঠি।
৭. অফিস নথি/গার্ড ফাইল।

মোহাম্মদ আশরাফুল হক আকন্দ  
সহকারী পরিচালক